

“রপ্তানী উন্নয়ন ব্যুরো”
“রপ্তানী বাজার উন্নয়ন তহবিল ”

নিরীক্ষিত আর্থিক বিবরণীর উপর নিরীক্ষা প্রতিবেদন
০১লা জুলাই, ২০২১ হইতে ৩০শে জুন, ২০২২ তারিখে সমাপ্ত বছরের জন্য।

Khan Wahab Shafique Rahman & Co.

CHARTERED ACCOUNTANTS

SINCE 1968

A member of

mgeworldwide

A Top 20 ranked international network and association
of independent audit, tax, accounting and consulting firms

সচিব
রপ্তানি উন্নয়ন ব্যুরো
১, কাওরান বাজার (টিসিবি ভবন)
ঢাকা-১২১৫।

তারিখ, ২৭ সেপ্টেম্বর, ২০২৩

বিষয় : রপ্তানি উন্নয়ন ব্যুরোর “রপ্তানি বাজার উন্নয়ন তহবিলের” ২০২১-২০২২ অর্থ বছরের হিসাব নিরীক্ষার উপর
ব্যবস্থাপনা প্রতিবেদন।

প্রিয় মহোদয়,

রপ্তানি উন্নয়ন ব্যুরোর গত ১৭ই ফেব্রুয়ারি ২০২২ তারিখের নিয়োগপত্র নং ২৬.০২.০০০০.০১১.০১.২৭.১২-১০১২
(১-২) এর প্রেক্ষিতে রপ্তানি উন্নয়ন ব্যুরোর আওতাধীন রপ্তানি বাজার উন্নয়ন তহবিল ২০২১-২০২২ অর্থ বছরের
৩০শে জুন, তারিখে সমাপ্ত বছরের প্রাপ্তি ও পরিশোধ হিসাব, আয় ও ব্যয় হিসাব এবং উক্ত তারিখের উদ্বৃত্তপত্রের
সম্পদ ও দায় নিরীক্ষা শাস্ত্রের কৌশল ও নীতিমালা অনুযায়ী আমরা নিরীক্ষার সম্পন্ন করেছি।

নিয়োগপত্রের শর্ত মোতাবেক রপ্তানি বাজার উন্নয়ন তহবিলের আর্থিক প্রতিবেদনের উপর ব্যবস্থাপনা প্রতিবেদন নিম্নে
পেশ করা হইতেছে। এই প্রতিবেদনে রপ্তানি উন্নয়ন ব্যুরোর রপ্তানি বাজার উন্নয়ন তহবিলের প্রাপ্তি ও পরিশোধ সমূহের
উপর প্রাপ্ত তথ্যাদির সংক্ষিপ্ত ব্যাখ্যা ক্রমান্বয়ে নিম্নে উল্লেখ করা হইলঃ

১.০০ রপ্তানি উন্নয়ন ব্যুরোর ভূমিকা :

১৯৭৭ সালের ডিসেম্বর মাস পর্যন্ত পূর্নঙ্গ সরকারী সংস্থা হিসেবে রপ্তানি উন্নয়ন ব্যুরোর সকল কর্মকান্ড
পরিচালিত হয়। ১৯৯৭ সালে মাননীয় রাষ্ট্রপতির অনুমতিক্রমে আইন ও বিচার মন্ত্রণালয় হইতে জারিকৃত
এক অধ্যাদেশের ভিত্তিতে ১লা জানুয়ারী ১৯৭৮ তারিখ হইতে রপ্তানি উন্নয়ন ব্যুরো একটি আধা
স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে রূপান্তরিত হয়। ইহাতে ব্যুরোর কর্মকান্ড যথেষ্টভাবে প্রসার লাভ করে। রপ্তানি
উন্নয়নব্যুরোর কর্মকান্ড সমূহ নিম্নে উল্লেখ করা হইল :

- দেশের রপ্তানি বানিজ্য সম্প্রসারণ কল্পে যাবতীয় কার্যাদি সম্পাদন করা।
- রপ্তানি নীতি প্রণয়ন করা।
- রপ্তানিকারকদের সহিত দেশের সার্বিক রপ্তানি উন্নয়নের ব্যাপারে বিভিন্ন পর্যায়ে সমন্বিত কার্যক্রম
গ্রহণ ও যোগাযোগ রক্ষা করা।
- রপ্তানি অগ্রগতি সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন করা।
- রপ্তানিজাত পণ্যের গুণগতমাণ উন্নয়নে রপ্তানিকারকদের প্রয়োজনীয় সহায়তা দান করা।
- বহিঃবিশ্বে বাংলাদেশী পণ্যের বাজার সৃষ্টি করা।
- বিশ্বের বিভিন্ন দেশে অনুষ্ঠিত আন্তর্জাতিক বাণিজ্য মেলা, মিনাবাজার এবং প্রদর্শনীতে অংশগ্রহণের
ব্যবস্থা করা।



